



সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি

রোববার, ০৭ ডিসেম্বর ২০২৫
সংবাদ অনলাইন রিপোর্ট

দেশব্যাপী সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে
প্রথম থেকে নবম শ্রেণীতে ২০২৬ শিক্ষাবর্ষের
অনলাইনে ভর্তির আবেদন শেষ হয়েছে। এতে মোট ১১
লাখ ৯৪ হাজার ৫১৩ আসনের বিপরীতে আবেদন
পড়েছে ১০ লাখ ৫৬ হাজার ৫৪টি। এর মধ্যে সরকারি
স্কুলেই ৭ লাখ ১৯ হাজার ৮৫৪টি আবেদন পড়েছে।

রোববার, (০৭ ডিসেম্বর ২০২৫) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
অধিদপ্তরের (মাউশি) এক কর্মকর্তা এ তথ্য
জানিয়েছেন।

গত ২১ নভেম্বর ভর্তির আবেদন শুরু হয়ে গত ৫
ডিসেম্বর বিকেল ৫টায় তা শেষ হয়েছে।

মাউশির তথ্য অনুযায়ী, এবার সরকারি-বেসরকারি ৭ হাজার ৫০১টি বিদ্যালয়ে মোট আসন আছে ১১ লাখ ৯৩ হাজার ৫১৩টি।

এর মধ্যে ৭২১টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ লাখ ২১ হাজার ৫৯৬টি আসনের বিপরীতে আবেদন করেছে ৭ লাখ ১৯ হাজার ৮৫৮ জন শিক্ষার্থী।

আর ৬ হাজার ৭৮০টি বেসরকারি বিদ্যালয়ে রয়েছে মোট ১০ লাখ ৭২ হাজার ৯১৭টি আসন। এসব আসনের বিপরীতে আবেদন করেছে ৩ লাখ ৩৬ হাজার ১৯৬ জন শিক্ষার্থী। মোট ১৫ দিনে সরকারি ও বেসরকারি স্কুলে আবেদন করেছে ১০ লাখ ৫৬ হাজার ৫৪ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।

আগামী ১১ ডিসেম্বর একটি ডিজিটাল লটারির মাধ্যমে ভর্তিযোগ্য শিক্ষার্থীদের বাছাই ও ভর্তি করা হবে। এ বছর ভর্তির আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা।